গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
উপজেলা নির্বাহী অফিসারের কার্যালয়
ভৈরব, কিশোরগঞ্জ
www.bhairab.kishoreganj.gov.bd

**স্বাধীনতার মহান স্থপতি জাতির পিতা বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমানের**
**৪৩তম শাহাদত বার্ষিকীতে জাতীয় শোক দিবস ২০১৮ পালনের জন্য প্রস্তুতিমূলক সভার সিদ্ধান্ত প্রস্তাব**

| | | |
|---|---|---|
| সভার সূচি | : | ০২ আগস্ট ২০১৮, সকাল ১১.০০ টা |
| স্থান | : | উপজেলা পরিষদ সম্মেলন কক্ষ, ভৈরব, কিশোরগঞ্জ |
| সভাপতি | : | মোহাম্মদ কাজী ফয়সাল, উপজেলা নির্বাহী অফিসার, ভৈরব, কিশোরগঞ্জ |
| সভার উপস্থিতি | : | পরিশিষ্ট 'ক' |

উপস্থিত সকলকে স্বাগত জানিয়ে সভাপতি সভার কাজ শুরু করেন। শুরুতে স্বাধীনতার মহান স্থপতি জাতির পিতা বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমান ও ১৫ আগস্ট ১৯৭৫ নিহত তাঁর পরিবারের সদস্যসহ সকলের উদ্দেশ্যে দাঁড়িয়ে এক মিনিট নিরবতা পালন করা হয় এবং তাঁদের রূহের মাগফেরাত কামনা করে দোয়া করা হয়। এ পর্যায়ে ১৫ আগস্ট ২০১৮ জাতীয় শোক দিবস পালনের উদ্দেশ্যে মন্ত্রিপরিষদ বিভাগ ও জেলা প্রশাসন, কিশোরগঞ্জ কর্তৃক আয়োজিত প্রস্তুতিমূলক সভার কার্যবিবরণী এবং গত বছর এ উপজেলায় এ উপলক্ষে গৃহীত কর্মসূচি পাঠ করে শোনানো হয়। দিবসটি যথাযোগ্য মর্যাদায় পালনের লক্ষ্যে উপস্থিত সকলের বক্তব্য/মতামত আহ্বান করা হয়। উপস্থিত জনপ্রতিনিধি, রাজনৈতিক নেতৃবৃন্দ, সুধীবৃন্দ, সাংবাদিকবৃন্দ, শিক্ষক মন্ডলী ও সরকারি-বেসরকারি কর্মকর্তাবৃন্দ বিভিন্ন বিষয়ে মুক্ত আলোচনায় অংশগ্রহণ করেন। জাতীয় ও জেলা পর্যায়ে প্রণীত কর্মসূচির আলোকে এবং আলোচকবৃন্দের মতামতের ভিত্তিতে ভৈরব উপজেলায় স্বাধীনতার মহান স্থপতি জাতির পিতা বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমানের ৪৩তম শাহাদত বার্ষিকীতে জাতীয় শোক দিবস ২০১৮ যথাযোগ্য মর্যাদায় ও ভাবগম্ভীর পরিবেশে পালনের জন্য নিম্নবর্ণিত কর্মসূচি গ্রহণসহ পরিশিষ্ট 'খ' তে উল্লিখিত কমিটি ও উপ-কমিটি গঠনের সর্বসম্মত সিদ্ধান্ত গৃহীত হয়।

| তারিখ ও সময় | কর্মসূচি | স্থান | বাস্তবায়নে |
|---|---|---|---|
| আগস্ট ২০১৮ মাস | সরকারি কর্মকর্তা-কর্মচারীবৃন্দের কালো ব্যাচ পরিধান | স্ব স্ব দপ্তর | কর্মকর্তা-কর্মচারীবৃন্দ |
| সুবিধাজনক দিন ও সময়ে | সরকারি-বেসরকারি সকল প্রাথমিক বিদ্যালয়, মাদ্রাসা, হাই স্কুল, কলেজসহ সকল শিক্ষা প্রতিষ্ঠানে আলোচনা সভা, জাতীয় শোক দিবসের সাথে সঙ্গতিপূর্ণ কবিতা পাঠ, রচনা ও চিত্রাঙ্কন প্রতিযোগিতা, চিত্র প্রদর্শনী, হামদ-নাত ও দোয়া মাহফিলের আয়োজন করবে | স্ব-স্ব শিক্ষা প্রতিষ্ঠান | শিক্ষা প্রতিষ্ঠান প্রধান |
| সুবিধাজনক দিন ও সময়ে | বঙ্গবন্ধুর জীবন ও কর্মের উপর নির্মিত চলচ্চিত্র প্রদর্শন | স্ব-স্ব শিক্ষা প্রতিষ্ঠান | শিক্ষা প্রতিষ্ঠান প্রধান |
| সুবিধাজনক দিন ও সময়ে | চিত্রাঙ্কন প্রতিযোগিতা<br>বিষয়: বঙ্গবন্ধু ও স্বাধীন বাংলাদেশ | উপ-কমিটি নির্ধারিত স্থান | সংশ্লিষ্ট উপ-কমিটি |
| সুবিধাজনক দিন ও সময়ে | রচনা প্রতিযোগিতা<br>বিষয়: বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমান এর জীবন ও কর্ম | উপ-কমিটি নির্ধারিত স্থান | সংশ্লিষ্ট উপ-কমিটি |
| ১৫ আগস্ট ২০১৮ সূর্যোদয় - সূর্যাস্ত | সরকারি, আধা-সরকারি, স্বায়ত্তশাসিত, শিক্ষা প্রতিষ্ঠান ও বেসরকারি ভবনসমূহে জাতীয় পতাকা অর্ধনমিত রাখতে হবে | উল্লিখিত প্রতিষ্ঠান ও বাসগৃহ | স্ব স্ব প্রতিষ্ঠান প্রধান |
| ১৫ আগস্ট ২০১৮ সকাল ০৯.০০ টা | জাতির পিতা বঙ্গবন্ধুর প্রতিকৃতিতে পুষ্পস্তবক অর্পণ | দুর্জয় ভৈরব চত্বর | সংশ্লিষ্ট উপ-কমিটি |
| ১৫ আগস্ট ২০১৮ সকাল ০৯.৩০ টা | শোক র‍্যালি | দুর্জয় ভৈরব চত্বর হতে উপজেলা পরিষদ | সংশ্লিষ্ট উপ-কমিটি |
| ১৫ আগস্ট ২০১৮ সকাল ১০.০০ টা | আলোচনা সভা ও পুরস্কার বিতরণী | উপজেলা পরিষদ মিলনায়তন | সংশ্লিষ্ট উপ-কমিটি |
| ১৫ আগস্ট ২০১৮ বাদজোহর/ সুবিধাজনক সময়ে | সকল মসজিদে বাদ যোহর বিশেষ মোনাজাত এবং মন্দির, গির্জা, প্যাগোডা ও ধর্মীয় প্রতিষ্ঠানে বিশেষ প্রার্থনা | স্ব-স্ব প্রতিষ্ঠান | ফিল্ড সুপার, ইসলামিক ফাউন্ডেশন |
| ১৫ আগস্ট ২০১৮ সুবিধাজনক সময়ে | ইসলামিক ফাউন্ডেশন কর্তৃক পবিত্র কোরআন তেলাওয়াত, হামদ-নাত, আলোচনা সভা ও দোয়া মাহফিল | ফাউন্ডেশনের নিজস্ব অফিস | ফিল্ড সুপারভাইজার |
| ১৫ আগস্ট ২০১৮ | স্থানীয় সংবাদপত্রে বিশেষ নিবন্ধ/প্রবন্ধ প্রকাশ | -- | সম্পাদকবৃন্দ |

স্বাধীনতার মহান স্থপতি জাতির পিতা বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমানের ৪৩তম শাহাদত বার্ষিকীতে জাতীয় শোক দিবস যথাযোগ্য মর্যাদায় ও ভাবগম্ভীর পরিবেশে পালনের জন্য নিম্নবর্ণিত সিদ্ধান্তসমূহও গ্রহণ করা হয়:

১. মন্ত্রিপরিষদ বিভাগ ও স্থানীয় সরকার বিভাগের সিদ্ধান্ত অনুযায়ী উপজেলা প্রশাসন কর্তৃক আয়োজিত অনুষ্ঠান পালনের পাশাপাশি পৌরসভা ও ইউনিয়ন পরিষদ যথাযোগ্য মর্যাদা ভাব গম্ভীর পরিবেশে জাতীয় শোক দিবস পালনের জন্য উপজেলা প্রশাসনের কর্মসূচির সাথে সামঞ্জস্য রেখে স্ব স্ব কর্মসূচি প্রণয়ন ও বাস্তবায়ন করবে।

২. ইউনিয়ন ডিজিটাল সেন্টারে জাতির পিতার জীবনী ও কর্মের উপরে নির্মিত তথ্যচিত্র প্রদর্শনের ব্যবস্থা গ্রহণের জন্য সকল ইউনিয়ন পরিষদ চেয়ারম্যানকে অনুরোধ করা হয়।

৩. সরকারি-বেসরকারি সকল প্রাথমিক বিদ্যালয়, মাদ্রাসা, হাই স্কুল, কলেজসহ সকল শিক্ষা প্রতিষ্ঠানে আলোচনা সভা, জাতীয় শোক দিবসের সাথে সঙ্গতিপূর্ণ কবিতা পাঠ, রচনা ও চিত্রাঙ্কন প্রতিযোগিতা, চিত্র প্রদর্শনী, হামদ-নাত ও দোয়া মাহফিলের আয়োজন করবে। এছাড়া প্রতিটি শিক্ষা প্রতিষ্ঠানে জাতির পিতার জীবনী ও কর্মের উপরে নির্মিত তথ্যচিত্র প্রদর্শন করতে হবে। উপজেলা শিক্ষা কর্মকর্তা, উপজেলা মাধ্যমিক শিক্ষা কর্মকর্তা এবং ফিল্ড সুপারভাইজার, ইসলামিক ফাউন্ডেশনকে বিষয়টি নিশ্চিত করার জন্য অনুরোধ করা হয়।

৪. ভৈরব পৌরসভায় অবস্থিত কলেজ ও উচ্চ বিদ্যালয়ের শিক্ষার্থীদের শোক র‍্যালিতে অংশগ্রহণ নিশ্চিত করার জন্য সকল শিক্ষা প্রতিষ্ঠান প্রধান এবং উপজেলা মাধ্যমিক শিক্ষা অফিসারকে অনুরোধ করা হয়।

৫. র‍্যালি ও আলোচনা অনুষ্ঠান স্থলে প্রয়োজনীয় প্রাথমিক স্বাস্থ্যসেবা নিশ্চিত করার জন্য উপজেলা স্বাস্থ্য ও পরিবার পরিকল্পনা কর্মকর্তাকে অনুরোধ করা হয়।

৬. সিনেমা হলগুলিতে ১৫ আগস্ট ২০১৮ তারিখ বিকাল ০৩:০০ ঘটিকায় জাতির পিতার জীবনী ও কর্মের উপরে নির্মিত তথ্যচিত্র প্রদর্শনের প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য সকল সকল সিনেমা হল মালিককে অনুরোধ করা হয়।

৭. পুষ্পস্তবক অর্পণ, শোক র‍্যালি সুন্দর এবং সুশৃঙ্খলভাবে পরিচালনার নিমিত্ত বিএনসিসি ও স্কাউট দলের অংশগ্রহণ নিশ্চিত করার জন্য লেফটেনেন্ট মো. অহিদুর রহমান, প্রধান শিক্ষক, কমলপুর হাজী জহির উদ্দিন উচ্চ বিদ্যালয়কে অনুরোধ করা হয়।

৮. সকল কর্মসূচিতে আইন-শৃঙ্খলা রক্ষার প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ করার জন্য অফিসার-ইন-চার্জ, ভৈরব থানাকে অনুরোধ করা হয়। শোক র‍্যালির নিরাপত্তা নিশ্চিতকরণ ও শৃঙ্খলা রক্ষার প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য অফিসার-ইন-চার্জ, ভৈরব থানা ও ইন্সপেক্টর (ট্রাফিক) কে অনুরোধ করা হয়।

৯. দিবসের সকল কর্মসূচিতে উপস্থিত থেকে সার্বিক সহযোগিতা প্রদানের জন্য সকল সরকারি কর্মকর্তা-কর্মচারীগণকে অনুরোধ করা হয়।

১০. সকল ভেন্যু ও সংশ্লিষ্ট স্থানসমূহে নিরবিচ্ছিন্ন বিদ্যুৎ সরবরাহ নিশ্চিত করার জন্য আবাসিক প্রকৌশলী (নির্বাহী প্রকৌশলী), বিদ্যুৎ সরবরাহ ও বিক্রয় কেন্দ্র, ভৈরবকে অনুরোধ করা হয়।

১১. দুর্জয় ভৈরব মোড় ও বঙ্গবন্ধু সরণির সংযোগস্থলে স্থাপিত জাতির পিতা বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমানের ম্যুরাল, বেদী ও দুর্জয় ভৈরব চত্বর হতে উপজেলা পরিষদ পর্যন্ত রাস্তা পরিষ্কার পরিচ্ছন্ন রাখার প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য মেয়র, ভৈরব পৌরসভাকে অনুরোধ করা হয়।

১২. সকল মসজিদে ১৫ আগস্ট ২০১৮ তারিখ বাদ যোহর বিশেষ মোনাজাত এবং মন্দির, গির্জা, প্যাগোডা ও ধর্মীয় প্রতিষ্ঠানে সুবিধাজনক সময়ে বিশেষ প্রার্থনা আয়োজনের প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য ফিল্ড সুপারভাইজার, ইসলামিক ফাউন্ডেশনকে অনুরোধ করা হয়।

১৩. স্থানীয় দৈনিক ও সাময়িকীতে জাতীয় শোক দিবস উপলক্ষে বিশেষ ক্রোড়পত্র, নিবন্ধ ও প্রবন্ধ প্রকাশ করার জন্য স্থানীয় পত্রিকার সম্পাদকবৃন্দকে অনুরোধ করা হয়। পাশাপাশি গৃহীত কর্মসূচি ও তা পালন সংক্রান্ত খবর সকল প্রিন্ট ও ইলেকট্রনিক মিডিয়ায় প্রচার করার জন্য সভাপতি, ভৈরব প্রেসক্লাব ও রিপোর্টার্স ইউনিটি এবং সকল সাংবাদিকবৃন্দকে অনুরোধ করা হয়।

১৪. জাতীয় পতাকা সঠিকভাবে উত্তোলন ও অর্ধনমিত রাখার ব্যাপারে প্রয়োজনীয় প্রচার চালানোর জন্য সাধারণ সম্পাদক - উপজেলা স্কাউটস্, উপজেলা মাধ্যমিক শিক্ষা কর্মকর্তা, উপজেলা শিক্ষা কর্মকর্তা, সভাপতি - ভৈরব চেম্বার অব কমার্স এন্ড ইন্ডাস্ট্রি, সভাপতি - বাজার দোকান মালিক সমিতিকে অনুরোধ করা হয়। কোন অবস্থাতেই ছেঁড়া বা বিবর্ণ পতাকা ব্যবহার করা যাবে না।

১৫. উপ-কমিটিগুলোতে প্রয়োজনে যেকোন সদস্য কো-অপ্ট করা যাবে।

১৬. প্রতিটি অনুষ্ঠান যথাসময়ে সুষ্ঠ ও সুন্দরভাবে সম্পন্ন করার জন্য সকল উপ-কমিটির আহ্বায়ককে যথাসময়ে সভা আহ্বানপূর্বক প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য অনুরোধ করা হয়। এছাড়া বিভিন্ন কর্মসূচি বাস্তবায়নে সকল সংস্থা, প্রতিষ্ঠান, কর্মকর্তা, ব্যক্তিকে আরোপিত দায়িত্ব যথাযথভাবে পালন করার জন্য এবং সকল অনুষ্ঠানে আবশ্যিকভাবে উপস্থিত থাকার জন্য সকল কর্মকর্তা-কর্মচারীকে অনুরোধ করা হয়।

পরিশেষে, সভাপতি ভৈরব উপজেলায় স্বাধীনতার মহান স্থপতি জাতির পিতা বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমানের ৪৩তম শাহাদত বার্ষিকীতে যথাযথ মর্যাদায় ও ভাবগম্ভীর পরিবেশে জাতীয় শোক দিবস পালন উপলক্ষে প্রণীত সকল কর্মসূচিতে সকলের স্বতঃস্ফূর্ত অংশগ্রহণ ও সার্বিক সহযোগিতা কামনা করে উপস্থিত সকলকে ধন্যবাদ জানিয়ে সভার সমাপ্তি ঘোষণা করেন।

স্বাক্ষরিত
মোহাম্মদ কাজী ফয়সাল
উপজেলা নির্বাহী অফিসার
ইমেইল: unobhairab@mopa.gov.bd

পত্র সংখ্যা: ০৫.৪১.৪৮১১.০০০.১৫.০০১.১৭.৫৯৮ তারিখ: ০২ আগস্ট ২০১৮

সদয় জ্ঞাতার্থে ও কার্যার্থে অনুলিপি প্রেরণ করা হলো:

১. মাননীয় সংসদ সদস্য, ১৬৭ কিশোরগঞ্জ ৬।
২. জেলা প্রশাসক, কিশোরগঞ্জ।
৩. পুলিশ সুপার, কিশোরগঞ্জ।
৪. চেয়ারম্যান, উপজেলা পরিষদ, ভৈরব, কিশোরগঞ্জ।
৫. মেয়র, ভৈরব পৌরসভা, ভৈরব, কিশোরগঞ্জ।
৬. ভাইস চেয়ারম্যান/মহিলা ভাইস চেয়ারম্যান, উপজেলা পরিষদ, ভৈরব, কিশোরগঞ্জ।
৭. সহকারী কমিশনার (ভূমি), ভৈরব, কিশোরগঞ্জ।
৮. অফিসার-ইন-চার্জ, ভৈরব থানা, ভৈরব, কিশোরগঞ্জ। সকল অনুষ্ঠানের নিরাপত্তা নিশ্চিতকরণের অনুরোধসহ।
৯. উপজেলা ........................................ কর্মকর্তা (সকল) ভৈরব, কিশোরগঞ্জ।
১০. আহবায়ক ........................................ উপ-কমিটি (সকল), ভৈরব, কিশোরগঞ্জ।
১১. অধ্যক্ষ/প্রধান শিক্ষক/সুপার, ........................................ কলেজ/বিদ্যালয়/মাদ্রাসা, ভৈরব।
১২. সভাপতি/সম্পাদক, ........................................, ভৈরব, কিশোরগঞ্জ।
১৩. জনাব ........................................, ভৈরব, কিশোরগঞ্জ।

Faysal
উপজেলা নির্বাহী অফিসার
ভৈরব, কিশোরগঞ্জ

**পরিশিষ্ট 'খ'**

**স্বাধীনতার মহান স্থপতি জাতির পিতা বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমানের ৪৩তম শাহাদত বার্ষিকীতে যথাযথ মর্যাদায় ও ভাবগম্ভীর পরিবেশে জাতীয় শোক দিবস পালন উপলক্ষে গঠিত কমিটি ও উপ-কমিটি**

(ক) উপদেষ্টা পরিষদ (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়)

| | | |
|---|---|---|
| ১. | জনাব আলহাজ্ব নাজমুল হাসান, মাননীয় সংসদ সদস্য, কিশোরগঞ্জ ০৬ | প্রধান উপদেষ্টা |
| ২. | জনাব মো. গিয়াস উদ্দিন, চেয়ারম্যান, উপজেলা পরিষদ, ভৈরব, কিশোরগঞ্জ | উপদেষ্টা |
| ৩. | অ্যাডভোকেট ফখরুল আলম আক্কাছ, মেয়র, ভৈরব পৌরসভা, কিশোরগঞ্জ | উপদেষ্টা |
| ৪. | জনাব মো. সায়দুল্লাহ মিয়া, সভাপতি, বাংলাদেশ আওয়ামীলীগ, ভৈরব, কিশোরগঞ্জ | উপদেষ্টা |
| ৫. | জনাব আল-মামুন, ভাইস চেয়ারম্যান, উপজেলা পরিষদ, ভৈরব, কিশোরগঞ্জ | উপদেষ্টা |
| ৬. | জনাব আছমা আহমেদ, মহিলা ভাইস চেয়ারম্যান, উপজেলা পরিষদ, ভৈরব, কিশোরগঞ্জ | উপদেষ্টা |

(খ) সার্বিক ব্যবস্থাপনা কমিটি (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়)

| | | |
|---|---|---|
| ১. | উপজেলা নির্বাহী অফিসার, ভৈরব, কিশোরগঞ্জ | আহবায়ক |
| ২. | সভাপতি/সম্পাদক, সকল রাজনৈতিক দল, ভৈরব, কিশোরগঞ্জ | সদস্য |
| ৩. | উপজেলা পর্যায়ের সকল কর্মকর্তা, ভৈরব, কিশোরগঞ্জ | সদস্য |
| ৪. | অধ্যক্ষ, সকল কলেজ ও মাদ্রাসা, ভৈরব, কিশোরগঞ্জ | সদস্য |
| ৫. | সাবেক কমান্ডার ও ডেপুটি কমান্ডার, মুক্তিযোদ্ধা সংসদ, ভৈরব ইউনিট কমান্ড | সদস্য |
| ৬. | সভাপতি/সম্পাদক, চেম্বার অব কমার্স/সকল ব্যবসায়ী পরিষদ/সমিতি, ভৈরব, কিশোরগঞ্জ | সদস্য |
| ৭. | সভাপতি / সম্পাদক, ভৈরব প্রেসক্লাব / রিপোর্টার্স ইউনিটি / ভৈরব টেলিভিশন সাংবাদিক সংস্থা / জাতীয় সাংবাদিক সংস্থা, ভৈরব, কিশোরগঞ্জ | সদস্য |
| ৮. | চেয়ারম্যান, সকল ইউপি/ ইউসিসিএ লিমিটেড/জাতীয় মহিলা সংস্থা, ভৈরব, কিশোরগঞ্জ | সদস্য |
| ৯. | সভাপতি/সম্পাদক, সকল সাংস্কৃতিক দল, ভৈরব, কিশোরগঞ্জ | সদস্য |
| ১০. | প্রধান শিক্ষক/সুপার, সকল উচ্চ বিদ্যালয়/মাদ্রাসা, ভৈরব, কিশোরগঞ্জ | সদস্য |
| ১১. | প্রধান শিক্ষক, পৌর এলাকার সকল প্রাথমিক বিদ্যালয়, ভৈরব, কিশোরগঞ্জ | সদস্য |

(গ) আইন-শৃংখলা নিশ্চিতকরণ উপ-কমিটি (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়)

| | | |
|---|---|---|
| ১. | অফিসার-ইন-চার্জ, ভৈরব থানা, কিশোরগঞ্জ | আহ্বায়ক |
| ২. | অফিসার-ইন-চার্জ, ভৈরব রেলওয়ে থানা, কিশোরগঞ্জ | সদস্য |
| ৩. | অফিসার-ইন-চার্জ, ভৈরব হাইওয়ে থানা, কিশোরগঞ্জ | সদস্য |
| ৪. | উপজেলা আনসার ও ভিডিপি কর্মকর্তা, ভৈরব, কিশোরগঞ্জ | সদস্য |
| ৫. | স্টেশন অফিসার, ফায়ার সার্ভিস ও সিভিল ডিফেন্স (নদী), ভৈরব, কিশোরগঞ্জ | সদস্য |
| ৬. | সম্পাদক, উপজেলা স্কাউটস, ভৈরব, কিশোরগঞ্জ | সদস্য |
| ৭. | জনাব লে. মোঃ অহিদুর রহমান, প্রধান শিক্ষক, কমলপুর হাজী জহির উদ্দিন উচ্চ বিদ্যালয়, ভৈরব, কিশোরগঞ্জ | সদস্য |

(ঘ) বঙ্গবন্ধুর প্রতিকৃতিতে পুষ্পমাল্য অর্পণ, র‍্যালি এবং আলোচনা সভা পরিচালনা উপ-কমিটি (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়)

| | | |
|---|---|---|
| ১. | সহকারী কমিশনার (ভূমি), ভৈরব, কিশোরগঞ্জ | আহ্বায়ক |
| ২. | অফিসার-ইন-চার্জ, ভৈরব থানা, কিশোরগঞ্জ | সদস্য |
| ৩. | জনাব আতিক আহমেদ সৌরভ, সাধারণ সম্পাদক, পৌর আওয়ামীলীগ, ভৈরব, কিশোরগঞ্জ | সদস্য |
| ৪. | উপজেলা আনসার ও ভিডিপি কর্মকর্তা, ভৈরব, কিশোরগঞ্জ | সদস্য |
| ৫. | স্টেশন অফিসার, ফায়ার সার্ভিস ও সিভিল ডিফেন্স (নদী), ভৈরব, কিশোরগঞ্জ | সদস্য |
| ৬. | অধ্যক্ষ, সকল কলেজ/সিনিয়র মাদ্রাসা, ভৈরব, কিশোরগঞ্জ | সদস্য |
| ৭. | সভাপতি/সম্পাদক, চেম্বার অব কমার্স এন্ড ইন্ডাস্ট্রি/সকল ব্যবসায়ী পরিষদ/সমিতি | সদস্য |
| ৮. | সভাপতি/সম্পাদক, প্রেসক্লাব/জাতীয় সাংবাদিক সংস্থা/রিপোর্টার্স ক্লাব ও ইউনিটি, সাংবাদিক সমিতি, ভৈরব | সদস্য |

| | | |
|---|---|---|
| ৯. | চেয়ারম্যান, সকল ইউপি, ভৈরব, কিশোরগঞ্জ | সদস্য |
| ১০. | প্রধান শিক্ষক/সুপার, সকল উচ্চ বিদ্যালয়/মাদ্‌রাসা, ভৈরব, কিশোরগঞ্জ | সদস্য |
| ১১. | জনাব লে. মোঃ অহিদুর রহমান, প্রধান শিক্ষক, কমলপুর হাজী জহির উদ্দিন উচ্চ বিদ্যালয়, ভৈরব, কিশোরগঞ্জ | সদস্য |

(ঙ) প্রতিযোগিতা উপ-কমিটি (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়)

| | | |
|---|---|---|
| ১. | উপজেলা মাধ্যমিক শিক্ষা কর্মকর্তা, ভৈরব, কিশোরগঞ্জ | আহ্বায়ক |
| ২. | উপজেলা সমবায় কর্মকর্তা, ভৈরব, কিশোরগঞ্জ | সদস্য |
| ৩. | উপজেলা মহিলা বিষয়ক কর্মকর্তা, ভৈরব, কিশোরগঞ্জ | সদস্য |
| ৪. | উপজেলা যুব উন্নয়ন কর্মকর্তা, ভৈরব, কিশোরগঞ্জ | সদস্য |
| ৫. | উপজেলা মহিলা বিষয়ক কর্মকর্তা, ভৈরব, কিশোরগঞ্জ | সদস্য |
| ৬. | প্রধান শিক্ষক, সকল মাধ্যমিক বিদ্যালয়, ভৈরব, কিশোরগঞ্জ | সদস্য |
| ৭. | ফিল্ড সুপারভাইজার, ইসলামিক ফাউন্ডেশন, ভৈরব, কিশোরগঞ্জ | সদস্য |
| ৮. | উপজেলা শিক্ষা কর্মকর্তা, ভৈরব, কিশোরগঞ্জ | সদস্য |
| ৯. | চেয়ারম্যান, জাতীয় মহিলা সংস্থা, ভৈরব, কিশোরগঞ্জ | সদস্য |

(চ) বিশেষ প্রার্থনা উপ-কমিটি (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়)

| | | |
|---|---|---|
| ১. | ফিল্ড সুপারভাইজার, ইসলামিক ফাউন্ডেশন, ভৈরব, কিশোরগঞ্জ | আহ্বায়ক |
| ২. | সভাপতি, ঈমাম পরিষদ, ভৈরব, কিশোরগঞ্জ | সদস্য |
| ৩. | জনাব শান্তিপদ গোস্বামী, পুরোহিত, গোপাল জিউর মন্দির, ভৈরব বাজার, কিশোরগঞ্জ | সদস্য |
| ৪. | জনাব দুলাল চন্দ্র সাহা, বিশিষ্ট ব্যবসায়ী ও সমাজসেবক, ভৈরব বাজার, কিশোরগঞ্জ | সদস্য |
| ৫. | জনাব জিতেন্দ্র চন্দ্র দাস, সভাপতি, উপজেলা পূজা উদ্‌যাপন পরিষদ, ভৈরব, কিশোরগঞ্জ | সদস্য |
| ৬. | চেয়ারম্যান, ইউনিয়ন পরিষদ (সকল), ভৈরব, কিশোরগঞ্জ | সদস্য |
| ৭. | ঈমাম, উপজেলা পরিষদ মসজিদ, ভৈরব, কিশোরগঞ্জ | সদস্য |

(ছ) জাতীয় পতাকা উত্তোলন ও পর্যবেক্ষণ উপ-কমিটি (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়)

| | | |
|---|---|---|
| ১. | অফিসার-ইনচার্জ, ভৈরব থানা, কিশোরগঞ্জ | আহ্বায়ক |
| ২. | অফিসার-ইনচার্জ, ভৈরব রেলওয়ে থানা, কিশোরগঞ্জ | সদস্য |
| ৩. | অফিসার-ইনচার্জ, ভৈরব হাইওয়ে থানা, কিশোরগঞ্জ | সদস্য |
| ৪. | উপজেলা আনসার ও ভিডিপি অফিসার, ভৈরব, কিশোরগঞ্জ | সদস্য |
| ৫. | উপজেলা মাধ্যমিক শিক্ষা অফিসার, ভৈরব, কিশোরগঞ্জ | সদস্য |
| ৬. | উপজেলা শিক্ষা অফিসার, ভৈরব, কিশোরগঞ্জ | সদস্য |